

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
“পল্লী ভবন”
৫, কাওরান বাজার, ঢাকা।

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৫০৯.১৮.০০৪.২০২০.(অংশ-৮). ২০০৭/৬

তারিখ: ১৯/০৯/২০২০ খ্রি.


বিষয়: মেয়াদী ঋণের আওতায় বিতরণকৃত গভীর নলকূপের পূর্ণাঙ্গ ডাটা বেইজ প্রস্তুতের জন্য তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশে কৃষি উৎপাদন বৃদ্ধি ও খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর মাধ্যমে ৮০ ও ৯০ দশকে সারাদেশে বিভিন্ন ধরনের সেচযন্ত্র স্থাপন করা হয়। বিআরডিবি'র মাধ্যমে সরকার ভর্তুকি মূল্যে সোনালী ব্যাংকের অর্থায়ন ও বিএডিসি'র কারিগরি সহায়তায় গভীর নলকূপসমূহ বিভিন্ন ইউসিসিএ'লি. এর আওতাধীন প্রাথমিক সমিতির অন্তর্ভুক্ত কৃষকদের নিকট সেচ সুবিধা সম্প্রসারণের জন্য স্থাপন করা হয়। কিন্তু প্রাথমিক সমবায় সমিতিতে বিতরণকৃত গভীর নলকূপসমূহের পূর্ণাঙ্গ ডাটা বেইজ না থাকায় বিতরণকৃত গভীর নলকূপসমূহের জেলা/উপজেলা ভিত্তিক প্রকৃত/সঠিক তথ্য জানা সম্ভব হয় না। তাছাড়া, বিভিন্ন সময় বিআরডিবি'র সদর দপ্তর হতে উপজেলা/জেলা ভিত্তিক গভীর নলকূপসমূহের তথ্য চাওয়া হলেও প্রেরিত প্রতিবেদনসমূহে গভীর নলকূপ সংখ্যা সংক্রান্ত যে তথ্য প্রদান করা হয় তা প্রকৃত সংখ্যা থেকে অনেক কম, যা কোন ভাবেই কাম্য নয়। উল্লেখ্য, মহাপরিচালক মহোদয় প্রাথমিক সমবায় সমিতিতে বিতরণকৃত সকল গভীর নলকূপের তথ্য সন্নিবেশিত করে একটি পূর্ণাঙ্গ ডাটা বেইজ প্রস্তুতের জন্য মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহের নির্দেশনা প্রদান করেছেন।

এমতাবস্থায়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বিতরণকৃত গভীর নলকূপের একটি সমৃদ্ধ ডাটা বেইজ প্রণয়নের জন্য তাঁর জেলাধীন সকল গভীর নলকূপের পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য সংযুক্ত ছক অনুসারে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া, আবরণী পত্রের মাধ্যমে উপজেলা ভিত্তিক সচল/অচল/অস্তিত্বহীন এবং মেরামত যোগ্য/মেরামত অযোগ্য গভীর নলকূপের একটি সার-সংক্ষেপসহ আগামী ০৫/১০/২০২০ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর হার্ডকপি ও উপপরিচালক (সেচ) এর ওয়েব-মেইল: ddirrigation@brdb.gov.bd - এ সফটকপি (এক্সেল শীটে-ইউনিকোড নিকষ ফন্ট) প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সংযুক্তি: বর্ণনামতে-ছক।


ফারুক আহমেদ জোয়ার্দার
যুগ্মপরিচালক (সিসিএম)
ফোন: ০২-৫৫০১১৭৩১

উপপরিচালক

বিআরডিবি, -----(সংশ্লিষ্ট জেলা)।

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৫০৯.১৮.০০৪.২০২০.(অংশ-৮). ২০০৭/৬

তারিখ: ১৯/০৯/২০২০ খ্রি.


সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:


- ১। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা.....(সংশ্লিষ্ট উপজেলা), বিআরডিবি,জেলা।
- ৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


মোহাম্মদ আতিকুর রহমান
উপপরিচালক (সেচ)
ফোন: ০২-৪১০১০৩৩৯

ছক: বিতরণকৃত গভীর নলকূপের তথ্য

ক্র. নং	জেলার নাম	উপজেলার নাম	গভীর নলকূপ বিতরণকৃত সমবায় সমিতির নাম	বিতরণকৃত গভীর নলকূপের সংখ্যা	বিতরণের সন	গভীর নলকূপের বর্তমান অবস্থা			অচল হলে		মোরামত যোগ্য হলে		মতব্য
						সচল	অচল	বাস্তবের অস্তিত্বহীন	মোরামত যোগ্য	মোরামত অযোগ্য	কি কি মোরামত প্রয়োজন (সংক্ষেপে)	প্রাক্কলিত মোরামত ব্যয় (লক্ষ টাকা)	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
মোট													


 মোহাম্মদ আতিকুর রহমান
 উপপরিচালক (প্রোগ)
 বিআরডিবি, ঢাকা।


 ফারুক আহমেদ জোহাঙ্গীর
 ম্যানেজিং অফিসার (সিপিএম)
 বিআরডিবি, ঢাকা।